

## মাইক্রোবাস ভাড়ার দরপত্র বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে তথ্য অধিদফতর কর্তৃক স্থাপিত মিডিয়া সেন্টারে ব্যবহারের জন্য ২০২১-২২ অর্থ বছরের ১ জুলাই/২০২১ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসভিত্তিক ০১ (এক)টি উন্নত মানের মাইক্রোবাস (কমপক্ষে বার আসন বিশিষ্ট, তৈরী সন-২০১৬ এর পূর্বে নয় এবং জ্বালানী তেল ও গ্যাস উভয় মাধ্যমে চালানোর সুবিধা সম্বলিত) ভাড়ায় আবশ্যিক। এ ব্যাপারে মাইক্রোবাস ভাড়াদাতা প্রকৃত মালিক/প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সাথে ভ্যাট নিবন্ধন পত্র, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ, ই-টিন সনদ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স, সরবরাহকৃত গাড়ীর হালনাগাদ ব্লু-বুক, ট্যাক্স টোকেন, ফিটনেস, ইন্স্যুরেন্স এবং গাড়ী চালকের মূল ড্রাইভিং লাইসেন্সসহ অন্যান্য কাগজপত্র বা দলিলাদির সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে উল্লিখিত মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও অন্যান্য করাদি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তনযোগ্য হবে।

### শর্তাবলীঃ

- (১) প্রস্তাবিত মাসিক ভাড়া উল্লেখ করতে হবে (চালক নিয়োগ, রক্ষণাবেক্ষণ খরচ, খাবার ও তার বেতন ভাতা ও ইত্যাদি সকল প্রকার খরচসহ)।
- (২) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক থেকে দরপত্রে বর্ণিত দরের ৫% (পাঁচ শতাংশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দরপত্রের সংগে জমা দিতে হবে।
- (৩) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) জমার কোড নং ১-১১৩১-০০০৫-২৩৬৬ অথবা ১৪২২৩২৮ তে জমা দিয়ে চালানোর মূল রশিদ দেখিয়ে এ দপ্তরের ক্রয় শাখা রুম নং:৩১৩ এর নিকট হতে দরপত্র সিডিউল ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিক্রয় করা হবে।
- (৪) দরপত্র আগামী ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখ ২.০০ ঘটিকার মধ্যে সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়) এর কক্ষে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত খামে জমা দিতে হবে। ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- (৫) যান্ত্রিক ত্রুটিজনিত কারণে সরবরাহকৃত গাড়ী ব্যবহার করা না গেলে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে নিজ খরচে মেরামত করে দিতে বাধ্য থাকবেন অথবা সম্মান ও ক্ষমতার অপর একটি গাড়ী সরবরাহ করে সরকারী কার্যক্রম অব্যাহত রাখতে বাধ্য থাকবেন।
- (৬) সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত সরবরাহকৃত গাড়ীটি সরকারি ছুটির দিনসহ (শুক্রবার ও শনিবার) দৈনন্দিন দাপ্তরিক কাজে ব্যবহৃত হবে। এজন্য অতিরিক্ত ভাড়া দাবী করা যাবে না।
- (৭) চুক্তিপত্র সম্পাদনের ০৩ (তিন) দিনের মধ্যে মাইক্রোবাস সরবরাহ করতে হবে।
- (৮) কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



আসাদুজ্জামান খান  
সিনিয়র তথ্য অফিসার (সমন্বয়)

☎ ৯৫১৪০৬৮